দৈনিক ইত্তেফাক

- 9 FEB 2017
২৭ ২

# ভারতে একটি স্কুলে ছাত্রীদের অর্ধনগ্ন করে শাস্তি দেওয়ার অভিযোগ

■ বিবিসি

ভারতের একটি স্কুলে ছাত্রীদের অর্ধনগ্ন করে শাস্তি দেয়ার অভিযোগ উঠেছে। স্কুলটির প্রধান শিক্ষিকা বলছেন, 'পুরো ঘটনাটাই বানোয়াট, ছাত্রীদের সঙ্গে ওরকম কিছুই ঘটেনি'।

ভারতের উত্তর প্রদেশ রাজ্যের একটি স্কুলের কয়েকজন ছাত্রী পড়া শিখে না আসায় তাদের অর্ধনগ্ন করে শাস্তি দিয়েছেন সেখানকার প্রধান শিক্ষিকা, এমন অভিযোগ করেছে ছাত্রীরা। ছাত্রীদের অভিভাবকেরা অভিযোগ করেছেন যে, তাদের স্কুলের মাঠে কান ধরে প্রথমে 'নীল-ডাউন' করিয়ে রাখা হয় আর তারপরে তাদের পরনের স্কার্ট খুলে স্কুলের মাঠে দৌড়াতে বলা হয়।

সোনভদ্র জেলা প্রশাসন জানিয়েছে, ওই স্কুলের প্রধান শিক্ষিকাকে সাময়িকভাবে বরখাস্ত করে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে। তবে স্কুলটির প্রধান শিক্ষিকা বলছেন, 'পুরো ঘটনাটাই বানোয়াট, ছাত্রীদের সঙ্গে ওরকম কিছুই ঘটেনি'। গত শুক্রবার অষ্টম শ্রেণিতে বাড়ির পড়া হিসাবে সংস্কৃত শ্লোক শিখে আসতে বলা হয়েছিল; কিন্তু পরের দিন শনিবার জনা পনের ছাত্রী পড়া না শিখে স্কুলে এসেছিল। তখনই তাদের প্রথমে নীল-ডাউন ও পরে স্কার্ট ছাড়া স্কুলের মাঠে দৌড়াতে বলা হয়। এক ছাত্রী স্থানীয় এক সংবাদমাধ্যমকে জানিয়েছে, 'স্কার্ট ছাড়া আমাদের প্রথমে মুর্গা (কান ধরে নীল-ডাউন করে শাস্তি দেওয়ার ভারতীয় প্রচলিত নাম মুর্গা) করে বসিয়ে রাখা হয়, তারপরে স্কুলের মাঠে দৌড়াতে বলা হয়। মাঠে সেই সময়ে অনেক ছেলেও বসেছিল। আমাদের পায়ে মারা হচ্ছিল। একজন ছাত্রী মার খেয়ে ঝোপের মধ্যে পড়ে গিয়েছিল'।

ছাত্রীরা স্থানীয় সংবাদ মাধ্যমে এই অভিযোগও করেছে যে, পুরো ঘটনার ছবি মোবাইলে ভিডিও রেকর্ডিং করে রাখা হয় এবং হুমকি দেওয়া হয় যে, বাড়ির পড়া না শিখে এলে ইন্টারনেটে ওই ভিডিও ছড়িয়ে দেওয়া হবে।